



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/22/2021

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো সকল ধর্মের উপাসনাগৃহকে টিকা সাইট হিসেবে সাইন আপ করতে উৎসাহিত করার জন্য "রোল আপ ইওর স্লীভ" প্রচারাভিযানের ঘোষণা দিয়েছেন

*টিকা ক্লিনিকগুলি পরিচালনা করা, টিকা বিতরণ প্রক্রিয়ায় ন্যায্যতা ও ন্যায়পরায়ণতা নিশ্চিত করতে স্টেটের অঙ্গীকারকে বাড়াতে গভর্নর মেডিকেল প্রোভাইডারদের উপাসনাগৃহগুলির সাথে অংশীদারী করতে স্বেচ্ছাসেবীর আহ্বান জানান*

গভর্নর স্টেটের সাথে অংশীদার হতে এবং অতিরিক্ত টিকা প্রদান সাইট প্রতিষ্ঠার জন্য সকল ধর্মের ধর্মীয় নেতাদের প্রতি বারবার আহ্বান জানিয়েছেন; ইতোমধ্যে ওয়েবফর্ম ৪ মার্চ থেকে যারা তাদের সম্প্রদায়ের সেবা করতে ইচ্ছুক এমন ২০০টিরও বেশি নতুন উপাসনালয় চিহ্নিত করেছে

আগ্রহী মেডিকেল প্রোভাইডারগণ ও উপাসনা গৃহগুলি [এখানে](#) সাইন আপ করতে পারবেন

অনগ্রসর সম্প্রদায়ের কাছে টিকা আনতে এবং উপাসনা গৃহের মাধ্যমে টিকার দ্বিধা মোকাবেলা করতে স্টেটের প্রচেষ্টার উপর গড়ে উঠেছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো তাদের সম্প্রদায়ের জন্য টিকা দেওয়ার সাইট হিসেবে সাইন আপ করতে স্টেট জুড়ে সমস্ত ধর্মের উপাসনা ঘরগুলিকে প্রচার করতে আজ "রোল আপ ইয়োর স্লিভ (Roll Up Your Sleeve)" প্রচারাভিযান শুরু করার কথা ঘোষণা করেছেন। সকল উপাসনা গৃহ তারা যে ডোজ দিতে পারে তার সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করে এপ্রিল থেকে COVID টিকা বিতরণ পয়েন্ট হিসেবে কাজ শুরু করতে পারে। এই নতুন প্রচারণার অংশ হিসেবে, মেডিকেল প্রোভাইডারদের টিকা প্রদান ক্লিনিকগুলি পরিচালনার জন্য উপাসনাগৃহের সাথে স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করতে বলা হচ্ছে, এছাড়াও টিকা বিতরণ প্রক্রিয়ায় নিরপেক্ষতা ও ন্যায়বিচার নিশ্চিত করতে স্টেটের অঙ্গীকার।

সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের কাছে এই টিকা আনা ও উপাসনালয়গুলির মাধ্যমে টিকা দ্বিধা-দ্বন্দ্বের বিরুদ্ধে লড়াই করার জন্য এই প্রচারাভিযানটি স্টেটের প্রচেষ্টার উপর গড়ে উঠেছে। এর আগে গভর্নর সব ধর্মের ধর্মীয় নেতাদের তাদের সুবিধাগুলোতে পপ-আপ টিকা সাইট স্থাপনের জন্য স্টেটের সাথে অংশীদার হতে উৎসাহিত করেছেন এবং ৪ মার্চ থেকে ২০০ টিরও বেশি নতুন উপাসনা গৃহ তাদের সম্প্রদায়ের সেবা করার জন্য স্বাক্ষর করেছে। সকল ধর্মের উপাসনাগৃহ COVID

টিকার জন্য বিতরণ বিন্দু হিসেবে কাজ করার যোগ্য। আগ্রহী মেডিকেল প্রোভাইডারগণ ও উপাসনা-ঘরগুলি [এখানে](#) সাইন আপ করতে পারবেন।

"বিশ্বাসের নেতারা তাদের নিজ নিজ সম্প্রদায়ের সবচেয়ে বিশ্বস্ত প্রতিনিধি এবং তাদের সাহায্যে আমরা সেই সব নিউ ইয়র্কবাসীদের কাছে পৌঁছাতে সক্ষম হব যারা এই মহামারি থেকে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে এবং COVID দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ের কাছে এই টিকা আনতে সক্ষম হব," **গভর্নর কুওমো বলেন।** "এই যৌথ উদ্যোগের মাধ্যমে আমরা নিশ্চিত করব যে এই চলমান লড়াইয়ের টিকা প্রদান পর্বে কোনো এলাকা পিছিয়ে নেই। টিকা বিতরণ সূষ্ঠ ও ন্যায্যসঙ্গত হওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য আমাদের কর্তব্য রয়েছে যাতে আমাদের সম্প্রদায়গুলি যারা মহামারির চূড়ান্ত সময়ে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছিল, তারা অন্য অন্যায়ের শিকার না হয়।"

**ন্যাশনাল অ্যাকশন নেটওয়ার্ক (National Action Network) এর প্রতিষ্ঠাতা ও প্রেসিডেন্ট রেভ আল শার্পটিন বলেন,** "উপাসনা-গৃহগুলিও আশ্রয় ও আশ্রয় স্থান এবং মানুষকে আত্মবিশ্বাসের সাথে লড়াই করার জন্য এর চেয়ে ভালো জায়গা আর কিছু হতে পারে না। আমাদের চাই বিশ্বাসের নেতারা এই মুহুর্তে মানুষের জীবন বাঁচাতে সাহায্য করার জন্য জেগে উঠুক যাতে আমরা সেবা করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

নিউ ইয়র্ক স্টেট স্টেট জুড়ে মোতামেন করা পপ-আপ সাইটগুলির সংখ্যা বৃদ্ধি অব্যাহত রেখেছে। 15 জানুয়ারি থেকে 160টির বেশি কমিউনিটি-ভিত্তিক পপ-আপ সাইট 62,000 জনেরও বেশি নিউ ইয়র্কবাসীকে তাদের প্রথম COVID-19 টিকার ডোজ পেতে সক্ষম করেছে।

একাধিক সরকারি ও বেসরকারি স্বাস্থ্যসেবা সরবরাহকারীদের সাথে অংশীদারিত্বের মাধ্যমে এই টিকা দেওয়ার অনেকগুলি সাইট প্রতিষ্ঠা করা সম্ভব হয়েছিল। আয়োজক সাইটগুলি ও অংশীদার প্রোভাইডাররা তাদের সম্প্রদায়ের মধ্যে আউটরিচ পরিচালনা করে এবং যোগ্য নিউ ইয়র্কবাসীদের চিহ্নিত করতে এবং টিকা প্রদান অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে সম্প্রদায়ের নেতা ও সংস্থাগুলির সাথে কাজ করে।

এই কমিউনিটি-ভিত্তিক 'পপ আপ' টিকাদান সাইটের অব্যাহত উন্নয়ন COVID-19 টিকা বিতরণে নিরপেক্ষতা ও সমতা নিশ্চিত করতে গভর্নর কুওমোর লক্ষ্যকে অগ্রসর করে। 2020 সালের শেষের দিকে, সেক্রেটারি অব স্টেট রোসানা রোসাদো, ন্যাশনাল আরবান লীগ (National Urban League) এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মার্ক মরিয়াল ও হেলথফাস্ট (Healthfirst) এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা প্যাট ওয়াং এর সভাপতিত্বে গভর্নর নিউ ইয়র্কের ভ্যাকসিন ইকুইটি টাস্ক ফোর্স (Vaccine Equity Task Force) চালু করার ঘোষণা দেন। প্রতিষ্ঠার পর থেকে টাস্ক ফোর্স টিকা দেওয়ার ক্ষেত্রে বাধা ভেঙ্গে এবং স্টেট জুড়ে ভ্যাকসিনের ন্যায্যসঙ্গত বন্টন রয়েছে কিনা তা নিশ্চিত করে এবং দুর্বল ও নিম্নবিত্ত সম্প্রদায়গুলি যাতে পিছিয়ে না পড়ে তা নিশ্চিত করার লক্ষ্যে কাজ অব্যাহত রেখেছে।

আরো সংবাদ পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)